

**ময়ুরেশ্বর - ২ পঞ্চায়েত সমিতি
কোটাসুর, বীরভূম**

বিজ্ঞপ্তি সংখ্যা :- ০১/২০১৭-২০ ১৮

তারিখ ১৩/০২/২০ ১৮

-: বিজ্ঞপ্তি :-

এতদ্বারা বিজ্ঞপ্তি করা যাইতেছে যে আগামী ঈং ২৮/০২/২০ ১৮ তারিখে বেলা ২ টার সময় মযুরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতির সত্যনারায়ন ভবনের নিচের কক্ষে সংরক্ষিত অব্যবহৃত লোহাসহ অন্যান্য জিনিস পত্র নিলাম ডাকের মাধ্যমে বিক্রি করা হইবে। উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণ করতে যারা ইচ্ছুক তাদের উক্ত দিন এবং উক্ত সময়ে অত্র পঞ্চায়েত সমিতির কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

শর্তাবলী :-


- ১। নিলাম ডাকের সরকারি নূন্যতম ডাক হইল ৪৫,০০০/- (পাঁয়তালিশ হাজার) টাকা মাত্র।
- ২। নিলাম ডাকের অংশ গ্রহণ করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে আগামী ঈং ২৩/০২/২০ ১৮ তারিখের মধ্যে অত্র কার্যালয় চলাকালীন আবেদন করতে হবে (ছুটির দিন ব্যতীত) EPIC কার্ডের স্বাক্ষরিত জেরুয়া সহ।
- ৩। নিলাম ডাকের অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারীকে ডাকের পূর্বে বায়না জমা হিসাবে ৪০০০/- (চার হাজার) টাকা নগদে জমা দিতে হবে।
- ৪। নিলাম ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারিকে ডাকের দিনই সমস্ত টাকা অত্র পঞ্চায়েত সমিতিতে নগদে জমা করিতে হইবে। অন্যথায় ডাকে দ্বিতীয় স্থানাধিকারী সুযোগ পাইবেন। এক্ষেত্রে সর্বোচ্চ ডাককারির কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

একইভাবে দ্বিতীয় স্থানাধিকারীকে ডাকের দিনই তাঁর ডাকের সমস্ত টাকা অত্র পঞ্চায়েত সমিতিতে নগদে জমা দিতে হইবে। অন্যথায় তৃতীয় স্থানাধিকারীর সুযোগ পাইবেন। এক্ষেত্রে ডাকে দ্বিতীয় স্থানাধিকারীর কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ডাকের সমস্ত টাকা জমা না দিলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে।

- ৫। প্রতিটি ডাকের মধ্যে নূন্যতম ১০০০/- (এক হাজার) টাকা এবং সর্বোচ্চ ৫০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যবধান থাকিতে হইবে।
- ৬। ডাকের দিন আবেদনকারীকে স্ব-শরীরে উপস্থিত হইয়া ডাকের জন্য সংরক্ষিত অব্যবহৃত লোহাসহ অন্যান্য জিনিসপত্রের পরিমাণ বিবেচনা করার পরই ডাক দেওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।
- ৭। কোন আবেদনকারীর ডাক একবার গৃহীত হইবার পর কোন অবস্থাতেই সেই ডাকের পরিমাণ কোন অবস্থাতেই পরিবর্তন করা হইবে না।
- ৮। অনিবার্য কারণবশত নিলাম ডাকের দিন, সময় ও স্থান পরিবর্তন করা হইতে পারে।
- ৯। সর্বোচ্চ দর বা যেকোন দর কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া গ্রহণ বা বাতিল করিতে পারিবে।
- ১০। নিলাম ডাক চূড়ান্ত হইবার পর নিলামে অংশগ্রহণকারীদের কোন প্রকার দাবি দাওয়া, আবেদন, আপত্তি, নিবেদন, অভিযোগ কোন অবস্থাতেই গ্রাহ্য হইবে না।
- ১১। নিলাম ডাক চূড়ান্ত হইবার পর নিলাম ডাকের দিন হইতে আগামী ৭ (সাত) দিনের মধ্যে নিলাম সামগ্ৰী অত্র কার্যালয় হইতে স্থানান্তরিত করিতে হইবে। এক্ষেত্রে কোন প্রকার খরচ নিলামকারী কর্তৃপক্ষ বহন করিবে না।

এক্ষেত্রে সফল অংশগ্রহণকারীকেই সমস্ত খরচ বহন করিতে হইবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মাল না লইলে কর্তৃপক্ষ পরবর্তীকালে নিলামকারীর কোনপ্রকার ক্ষতির দায় বহন করিবে না।


নির্বাচিত আধিকারিক

মযুরেশ্বর - ২ পঞ্চায়েত সমিতি
কোটাসুর, বীরভূম